গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
রাজস্ব শাখা
www.moulvibazar.gov.bd

নম্বর: ০৫.৪৬.৫৮০০.০০৯.১৬.০২৭.২৩-৯৮৭২

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
২৮ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর আলোকে ২০ একরের উর্ধ্বের অ-ইজারাকৃত বদ্ধ জলমহাল হতে খাস আদায়ের নিমিত্ত আবেদন আহবান বিজ্ঞপ্তি**

এতদ্বারা প্রকৃত নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে, ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ অধিশাখা এর ১৩/১১/২০২৩খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২৭.২৩-৬৮৩ ও ৬৮৪নং স্মারকের পরিপ্রেক্ষিতে মৌলভীবাজার জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির নিয়ন্ত্রণাধীন তফসিল বর্ণিত (পরিশিষ্ট-ক) বদ্ধ জলমহালসমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর ১৬নং অনুচ্ছেদ মোতাবেক ১৪৩০ বাংলা সনের অবশিষ্ট সময় অর্থাৎ ৩০শে চৈত্র পর্যন্ত খাস আদায়ের নিমিত্ত সীলগালাযুক্ত মুখবন্ধ খামে নিম্নবর্ণিত সময় ও শর্তাধীনে আবেদন আহবান করা যাচ্ছে:

| আবেদন ফরম ক্রয়ের শেষ তারিখ ও সময় | আবেদন দাখিলের তারিখ ও সময় | আবেদন খোলার তারিখ ও সময় | আবেদনপত্র ক্রয় ও দাখিলের স্থান |
|---|---|---|---|
| ০৩/১২/২০২৩ খ্রিস্টাব্দ রবিবার অফিস সময় পর্যন্ত | ০৪/১২/২০২৩ খ্রিস্টাব্দ সোমবার বিকাল ০৩:০০ ঘটিকা পর্যন্ত | ০৪/১২/২০২৩ খ্রিস্টাব্দ সোমবার বিকাল ০৩:০০ ঘটিকা | রাজস্ব শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার |

**শর্তাবলী**

০১) আবেদনের সাথে (ক) প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিবন্ধন সনদ (খ) নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির সকল সদস্যের নামের তালিকা (ছবি ও ঠিকানাসহ) (গ) আবেদনকারী সমিতির প্রত্যেক সদস্য কার্ডধারী প্রকৃত মৎস্যজীবী মর্মে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির পক্ষে উপজেলা মৎস্য কর্মকর্তা/সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র (ঘ) সমিতির নির্বাচিত কমিটির তথ্য (ছবি ও ঠিকানাসহ তালিকা) (ঙ) সমিতির গঠনতন্ত্র (চ) সমিতির সভার কার্যবিবরণী (ছ) ব্যাংক সলভেন্সি ও একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্র (জ) সমিতির কার্যক্রম চলমান আছে মর্মে জেলা/উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র (ঝ) বিগত ০২ বছরের অডিট রিপোর্ট (নতুন নিবন্ধিত মৎস্যজীবীর সমিতির ক্ষেত্রে প্রযোজ্য নয়) (ঞ) ঋণ খেলাপী বা সার্টিফিকেট মোকদ্দমা নেই মর্মে জেলা প্রশাসন কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

০২) সর্বোচ্চ দরদাতা বিবেচিত হওয়া সমিতি/সংগঠনকে বিধি মোতাবেক আবেদন অনুমোদনের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে খাসমূল্য বাবদ সমুদয় অর্থ, খাসমূল্যের উপর ১০% আয়কর ও ১৫% ভ্যাট এককালীন পরিশোধ করতে হবে। জামানত বাবদ দাখিলকৃত অর্থ খাসমূল্যের সাথে সমন্বয় করা হবে। খাসমূল্য, আয়কর ও ভ্যাটের কোন অংশ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না। নির্ধারিত সময়ের মধ্যে খাসমূল্য, আয়কর ও ভ্যাট পরিশোধে ব্যর্থ হলে সরাসরি উক্ত আবেদন বাতিল বলে গণ্য হবে এবং জামানত বাবদ দাখিলকৃত অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে।

০৩) ৩০শে চৈত্র ১৪৩০ বাংলা সনের পর কোনো প্রকার দায়-দাবী বা ক্ষতিপূরণ দাবী গ্রহণযোগ্য হবে না।

০৪) বিজ্ঞপ্তিতে বর্ণিত নির্ধারিত সময়সূচী অনুযায়ী জেলা প্রশাসক, মৌলভীবাজার এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) মূল্যমানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (যেকোনো তফসিলি ব্যাংক হতে) দাখিল সাপেক্ষে আবেদন ফরম ক্রয় করা যাবে। আবেদনে প্রস্তাবিত মূল্যের ন্যূনতম ২০% জামানত হিসেবে জেলা প্রশাসক, মৌলভীবাজার এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জমা প্রদান করতে হবে। পে-অর্ডার/ব্যাংক ড্রাফট যাচাইয়ের স্বার্থে ব্যাংক হতে আবেদনকারী বরাবর সরবরাহকৃত (যিনি আবেদন জমা করবেন তার নামে ব্যাংক হতে ইস্যুকৃত) জামানতের পে-স্লিপ (জমার বিবরণ) অবশ্যই আবেদনের সাথে জমা প্রদান করতে হবে।

০৫) আবেদন ফরমের প্রতিটি অংশ যথাযথভাবে পূরণ করতে হবে এবং প্রস্তাবিত মূল্য স্পষ্টভাবে (অংকে ও কথায়) লিখতে হবে। অসম্পূর্ণ, ঘষামাজা, কাটা-ছেঁড়া, ফ্লুইড ব্যবহারকৃত আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে।

০৬) আবেদনকারী মা মাছ/ডিমওয়ালা মাছ শিকার করতে পারবেন না। জলমহালে সেচ করে শুকিয়ে বা নিষিদ্ধ ঘোষিত কোনো জাল দিয়ে মৎস্য আহরণ করতে পারবেন না।

০৭) সংশ্লিষ্ট উপজেলার খাস আদায় কমিটির তত্ত্বাবধানে মৎস্য আহরণ করতে হবে। খাস আদায়ের জন্য প্রদত্ত আদেশ কখনোই ইজারা হিসেবে গণ্য হবে না।

০৮) সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর পরিপন্থী কোনো কাজ করলে, ইজারার বিজ্ঞপ্তির শর্ত ভঙ্গ করলে কিংবা অন্য কোন অনিয়ম করলে প্রদত্ত খাস আদায় কোনো কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল করা হবে।

০৯) খাস আদায় বাতিলকৃত জলমহাল বিধি মোতাবেক পুনরায় ইজারা প্রদান/খাস আদায় করা হবে।

১০) মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলমহালের উপর সমিতির সকল অধিকার বিলুপ্ত হবে। উক্ত জলমহালের সকল অধিকার, স্বত্ব ও দখল স্বয়ংক্রিয়ভাবে জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার তথা সরকারের নিকট ন্যস্ত হবে। খাস আদায়ের মেয়াদ শেষ হলে মৎস্য আহরণের জন্য অতিরিক্ত কোনো সময় মঞ্জুর করা হবে না।

১১) প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হতে পারে এ ধরণের কোনো কার্যক্রম গ্রহণ করা যাবে না। জলমহালের প্রাকৃতিক পরিবেশ পরিবর্তনসহ কোনো প্রকার ক্ষতিসাধন করা যাবে না। এরূপ করা হলে প্রদত্ত খাস আদায় আদেশ বাতিল করা হবে।

১২) জলমহালের কোথাও প্রবাহমান পানি আটকে রাখা যাবে না। যে সকল জলমহাল থেকে জমিতে পানি সেচ প্রদানের সুযোগ রয়েছে সেখান থেকে সেচ মৌসুমে সেচ প্রদান বিঘ্নিত করা যাবে না। খাস আদায়ের নিমিত্ত বদ্ধ জলমহালে মৎস্য চাষের ক্ষতি না করে পরিমিত পর্যায়ে সেচ কার্যক্রম পরিচালনার সুযোগ থাকবে।

১৩) বর্তমান প্রচলিত নীতি এবং এ বিষয়ে সরকার কর্তৃক সময় সময় জারীকৃত সকল বিধি-বিধান/আইন-কানুন নিয়োজিত সমিতি মানতে বাধ্য থাকবেন। সরকার প্রয়োজনবোধে যেকোন সময় খাস আদায় কার্যক্রম বন্ধ/বাতিল করতে পারবেন। এতে কোনো ক্ষতিপূরণ দাবী করা যাবে না।

১৪) শুধুমাত্র দরপত্র প্রক্রিয়ায় অংশগ্রহণকারী (অবিবেচিত) মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন এর আবেদনের সাথে দাখিলকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট বিজ্ঞপ্তি/দরপত্র প্রক্রিয়ার সকল কার্যক্রম সম্পন্ন শেষে অবমুক্ত করা হবে।

১৫) আগ্রহী মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনকে সরেজমিনে জলমহালের বাস্তব অবস্থা সর্ম্পকে অবহিত হয়ে খাস আদায় কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে। ভবিষ্যতে এ সংক্রান্ত কোনো আপত্তি গ্রহণযোগ্য হবে না। দরপত্র প্রক্রিয়ায় অংশগ্রহণ করে পরবর্তীতে খাস আদায় নিতে আগ্রহী বা ইচ্ছুক নয়, এমন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন কর্তৃক দাখিলকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

১৬) কোনো মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনের জঙ্গি সম্পৃক্ততা থাকলে তার আবেদন বাতিল করা হবে।

১৭) জলমহালের বিষয়ে মহামান্য সুপ্রিমকোর্ট/বিজ্ঞ দেওয়ানী আদালত/ভূমি আপীল বোড/বিজ্ঞ রাজস্ব আদালত কিংবা অন্য কোনো কর্তৃপক্ষ কর্তৃক স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/নিবারণমূলক আদেশ থাকলে, সেক্ষেত্রে খাস আদায় কার্যক্রম উক্ত স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/নিবারণমূলক আদেশ প্রত্যাহার/নিষ্পত্তির পর পরিচালিত হবে।

১৮) খাস আদায়ের বিষয়ে জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৯) কর্তৃপক্ষ যেকোন আবেদন গ্রহণ ও বাতিল এবং বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্ত/অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৮.১১.২৩

(ড. উর্মি বিনতে সালাম)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
মৌলভীবাজার
ফোন: ০২৯৯৬৬৮৩২০২
ই-মেইল: dcmoulvibazar@mopa.gov.bd

নম্বর: ০৫.৪৬.৫৮০০.০০৯.১৬.০২৭.২৩- ১৬৭২(১৪২)

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
২৮ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি {সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)}:

০১। জনাব মোঃ শাহাব উদ্দিন, মাননীয় মন্ত্রী,পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় ও মাননীয় সংসদ সদস্য, ২৩৫-মৌলভীবাজার নির্বাচনী এলাকা-০১।
০২। জনাব সুলতান মোহাম্মদ মনসুর আহমেদ, মাননীয় সংসদ সদস্য, ২৩৬-মৌলভীবাজার নির্বাচনী এলাকা-০২।
০৩। জনাব নেছার আহমদ, মাননীয় সংসদ সদস্য, ২৩৭-মৌলভীবাজার নির্বাচনী এলাকা-০৩।
০৪। জনাব উপাধ্যক্ষ মোঃ আব্দুস শহীদ, মাননীয় সংসদ সদস্য, ২৩৮-মৌলভীবাজার নির্বাচনী এলাকা-০৪।
০৫। জনাব সৈয়দা জোহরা আলাউদ্দিন, মাননীয় সংসদ সদস্য, ৩৩৬ (মহিলা আসন-৩৬, মৌলভীবাজার-হবিগঞ্জ)।
০৬। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
০৮। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট ।

অনুলিপি {সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)}:

০৯-১১। জেলা প্রশাসক, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ।
১২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মৌলভীবাজার।
১৩। পুলিশ সুপার, মৌলভীবাজার।
১৪। সিভিল সার্জন, মৌলভীবাজার।
১৫-১৮। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মৌলভীবাজার/সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ।
১৯। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মৌলভীবাজার।
২০। জেলা মৎস্য কর্মকর্তা, মৌলভীবাজার।
২১। জেলা সমবায়কর্মকর্তা, মৌলভীবাজার।
২২-২৭। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/সড়ক ও জনপদ বিভাগ/স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/শিক্ষা প্রকৌশল অধিদপ্তর/পানি উন্নয়ন বোর্ড, মৌলভীবাজার।
২৮। জেলা তথ্য অফিসার, মৌলভীবাজার (বিজ্ঞপ্তিটি মাইকযোগে জেলার গুরুত্বপূর্ণ স্থান ও হাট-বাজারে ব্যাপক প্রচারের অনুরোধসহ)।
২৯। উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, মৌলভীবাজার।
৩০। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মৌলভীবাজার।
৩১-৩৫। মেয়র ............................. পৌরসভা (সকল), মৌলভীবাজার।
৩৬-৪২। চেয়ারম্যান ............................ উপজেলা পরিষদ (সকল), মৌলভীবাজার।
৪৩-৪৯। উপজেলা নির্বাহী অফিসার ............................ (সকল), মৌলভীবাজার (নোটিশ বোর্ড ও উপজেলা ওয়েবপোর্টালে প্রকাশের অনুরোধসহ)।
৫০-৫৬। সহকারী কমিশনার (ভূমি) ............................ (সকল), মৌলভীবাজার (নোটিশ বোর্ড ও ওয়েবপোর্টালে প্রকাশ এবং সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি অফিসের মাধ্যমে বিজ্ঞপ্তিটি মাইক/ঢোলসহরতের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)।
৫৭-৬৩। উপজেলা মৎস্য কর্মকর্তা, ............................ (সকল), মৌলভীবাজার।
৬৪-৭০। উপজেলা সমবায় কর্মকর্তা, ............................ (সকল), মৌলভীবাজার।
৭১। সহকারী বন সংরক্ষক, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৭২। সহকারী কমিশনার, আইসিটি শাখা,জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার (বিজ্ঞপ্তিটি জেলা ওয়েবপোর্টালে প্রকাশের অনুরোধসহ)।
৭৩-১৪০। চেয়ারম্যান, ........................................ ইউনিয়ন পরিষদ (সকল), মৌলভীবাজার।
১৪১। এ কার্যালয়ের নোটিশ বোর্ড।
১৪২। অফিস কপি।

২৮.১১.২০২৩

(মোঃ বেলায়েত হোসেন)
রেভিনিউ ডেপুটি কালেক্টর
ও
সদস্য সচিব
জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
মৌলভীবাজার
ফোন: ০২৯৯৬৬৮২৭২৭
ই-মেইল: rdcmoulvibazar@mopa.gov.bd

**১৪৩০ বাংলা সনের ৩০শে চৈত্র পর্যন্ত সময়ের জন্য খাস আদায়যোগ্য জলমহালের তালিকা (পরিশিষ্ট-ক)**

| ক্র. | উপজেলা | জলমহালের নাম | মৌজা ও জেএল নং | আয়তন (একর) | সরকারি ইজারামূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | বড়লেখা | রনচি বিল (বদ্ধ) | হাকালুকি হাওর/৮৫ | ২২৪.০০ | ১,৭৮,৫০০/- | - |
| ২. | | পলোভাঙ্গা মরাসুনাই ও চিকনউটি বিল গ্রুপ (বদ্ধ) | ইসলামপুর/৮৪ হাকালুকি হাওর/৮৫ | ৩৯৫.৭৫ | ২,৬৮,৮০০/- | - |

**বিশেষ দ্রষ্টব্য:** ভূমি মন্ত্রণালয়/ভূমি আপীল বোর্ড/বিজ্ঞ রাজস্ব আদালতে সিদ্ধান্তের অপেক্ষায় এবং মোকদ্দমাভুক্ত জলমহালসমূহ মন্ত্রণালয়ের পরবর্তী নির্দেশনা/মোকদ্দমার পরবর্তী আদেশ (স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/নিবারণমূলক আদেশপ্রাপ্ত জলমহালের ক্ষেত্রে) প্রাপ্তির পর/মোকদ্দমা নিষ্পত্তির পর পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।

২৮.১১.২০২৩

(মোঃ বেলায়েত হোসেন)
রেভিনিউ ডেপুটি কালেক্টর
ও
সদস্য সচিব
জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
মৌলভীবাজার
ফোন: ০২৯৯৬৬৮২৭২৭
ই-মেইল: rdcmoulvibazar@mopa.gov.bd